

একাদশে ভর্তি আবেদনের শুরুতেই বিড়ম্বনা

যুগান্তর প্রতিবেদন

২৮ মে ২০২৪, ১২:১৩ এএম | অনলাইন সংস্করণ

1
shares



অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদন প্রক্রিয়া রোববার থেকে শুরু হয়েছে। তবে আবেদন করতে গিয়ে বিড়ম্বনায় পড়েছে শিক্ষার্থীরা। সারাদিন চেষ্টা করেও নির্ধারিত সাইটে ঢুকতে পারেনি তারা। সোমবারও একই পরিস্থিতিতে পড়ে আবেদনকারীরা। ফলে দেশের বিভিন্ন কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা শিক্ষা বোর্ডে যোগাযোগ শুরু করে। শিক্ষা বোর্ড জানিয়েছে, সার্ভার জটিলতা কারণে যথাসময়ে আবেদন শুরু হয়নি। আজ থেকে স্বাভাবিক থাকবে বলে জানানো হয়। তবে এর জন্য আরও দুদিন আবেদনের সময় বাড়ানো হবে।

জানা গেছে, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কারিগরি জটিলতায় রোববার সকাল থেকে একাদশ শ্রেণির ভর্তি আবেদন শুরু হয়নি। নির্ধারিত সময়ের দুদিন পার হয়ে গেলেও স্বাভাবিক হয়নি আবেদনের সার্ভার। এতে চরম ভোগান্তিতে পড়েছে শিক্ষার্থীরা।

Advertisement

আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার যুগান্তরকে বলেন, সার্ভার জটিলতার কারণে যথাসময়ে আবেদন গ্রহণ শুরু হয়নি। এছাড়া উপকূলীয় অ লে ঘূর্ণিঝড়ের কারণে বিদ্যুৎ ও ইন্টারনেট না থাকায় আরও সমস্যায় পড়তে হয়। তবে এই সমস্যা দ্রুত কেটে যাবে। আজ থেকে স্বাভাবিক থাকবে সার্ভার।

নিয়ম অনুযায়ী আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। এতে দুশ্চিন্তার কোনো কারণ নেই। আরও দুদিন আবেদনের সময় বাড়ানো হবে।

বুয়েটের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ সংশ্লিষ্টরা জানিয়েছেন, আবেদনের জন্য সার্ভার ওপেন হওয়ার পর কারিগরি কিছু সমস্যা তৈরি হয়।

অনলাইনে আবেদনের জন্য নির্ধারিত ওয়েবসাইটে (www.xiclassadmission.gov.bd) একাদশ শ্রেণির ভর্তির আবেদন করা যাবে। অনলাইন ছাড়া সাধারণ শিক্ষার্থীদের কাছ থেকে ম্যানুয়ালি ভর্তির আবেদন নেওয়া হবে না। আবেদন ফি দিয়ে সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ দশটি কলেজে পছন্দ দিতে হবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে এর মধ্যে থেকে তার মেধা, কোটা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

নির্বাচিত শিক্ষার্থীকে ৩৩৫ টাকা দিয়ে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চিত করতে হবে। ভর্তি নিশ্চিত করার পর সে আরও দুই ধাপে মাইগ্রেশন করতে পারবে। পছন্দের কলেজ সিট ফাঁকা থাকা সাপেক্ষে তার মাইগ্রেশন হবে। ভর্তির সর্বোচ্চ ফি ৮ হাজার ৫০০ টাকা।